

🔳 वाल-মুমিनुन | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩:৮৮

আরবি মূল আয়াত:

قُل مَن بِيَدِهٖ مَلَكُوتُ كُلِّ شَيءٍ قَ هُوَ يُجِيرُ وَ لَا يُجَارُ عَلَيهِ إِن كُنتُم تَعلَمُونَ ﴿٨٨﴾

বল, 'তিনি কে যার হাতে সকল কিছুর কর্তৃত্ব, যিনি আশ্রয় দান করেন এবং যাঁর ওপর কোন আশ্রয়দাতা নেই?' যদি তোমরা জান। — আল-বায়ান

বলঃ সব কিছুর একচ্ছত্র কর্তৃত্ব কার হাতে? তিনি (সকলকে) আশ্রয় দেন, তাঁর উপর কোন আশ্রয় দাতা নেই, (বল) তোমরা যদি জান। — তাইসিরুল

জিজ্ঞেস করঃ যদি তোমরা জান তাহলে বল সব কিছুর কর্তৃত্ব কার হাতে, কে আশ্রয় দান করেন, যাঁর উপর আশ্রয়দাতা নেই? — মুজিবুর রহমান


Say, "In whose hand is the realm of all things - and He protects while none can protect against Him - if you should know?" — Sahih International

৮৮. বলুন, কার হাতে সমস্ত বস্তুর কর্তৃত্ব? যিনি আশ্রয় প্রদান করেন অথচ তাঁর বিপক্ষে কেউ কাউকে আশ্রয় দিতে পারে না(১), যদি তোমরা জান (তবে বল)।

(১) অর্থাৎ আল্লাহ তা'আলা যাকে আযাব, মুসীবত ও দুঃখ-কন্ট থেকে আশ্রয় দান করেন কারও সাধ্য নেই যে তার কোন অনিষ্ট করে। পক্ষান্তরে আল্লাহ তা'আলা যদি কাউকে বালা-মুসিবস, দুঃখ-কন্টে নিপতিত হতে দেন তবে কারও সাধ্য নেই যে, তার মোকাবেলায় কাউকে আশ্রয় দিয়ে তাঁর আযাব থেকে বাঁচিয়ে নেয়। দুনিয়ার দিক দিয়েও এ কথা সত্য যে, আল্লাহ যার উপকার করতে চান, তাকে কেউ বাধা দিতে পারে না এবং যাকে কন্ট ও আযাব দিতে চান, তা থেকেও কেউ তাকে বাঁচাতে পারে না। আখিরাতের দিক দিয়েও এই বিষয়বস্তু নির্ভুল যে, যাকে তিনি আযাব দেবেন, তাকে কেউ বাঁচাতে পারবে না এবং যাকে জান্নাত ও সুখ দেবেন, তাকে কেউ ফেরাতে পারবে না। তাঁর অনুমতি ব্যতীত কেউ সুপারিশও করতে পারবে না। [দেখুন: সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৮৮) জিজ্ঞেস কর, 'সব কিছুর কর্তৃত্ব কার হাতে, যিনি আশ্রয় দান করেন[1] এবং যাঁর বিরুদ্ধে কোন আশ্রয়দাতা নেই,[2] যদি তোমরা জানো?'





- [1] অর্থাৎ যাকে তিনি রক্ষা করতে চান ও নিজ আশ্রয়ে স্থান দেন, তার কি কেউ কোন ক্ষতি সাধন করতে পারে?
- [2] অর্থাৎ তিনি যার ক্ষতি করতে চান, আল্লাহ্ ব্যাতিত পৃথিবীতে এমন কোন শক্ত আছে কি যে তাকে খতির হাত থেকে রক্ষা করতে পারে? বা তাকে আশ্রয় দিতে পারে?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2761

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন